# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় ‘অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر ـ الفصل الثاني

আরবী

وَعَن مطر بن عكام قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا قَضَى اللَّهُ لِعَبْدٍ أَنْ يَمُوتَ بِأَرْضٍ جَعَلَ لَهُ إِلَيْهَا حَاجَةً» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيّ

বাংলা

১১০-[৩২] মাত্বার ইবনু ’উকামিস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলা যখন তাঁর কোন বান্দার নির্ধারিত কোন জায়গায় মৃত্যুর ফায়সালা করেন, তখন সে জায়গায় তার যাওয়ার জন্য একটি প্রয়োজনও তৈরি করে দেন। (আহমাদ ও তিরমিযী)[1]

## English

Chapter: Belief in the Divine Decree - Section 2

Matar b. ‘Ukamis reported God’s messenger as saying, “When God decrees that someone should die in a certain land, He gives him a reason for going there."

Ahmad and Tirmidhi transmitted it.

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২০৯৮০, তিরমিযী ২০৭২, সহীহুল জামি‘ ৭৩৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (جَعَلَ لَه إِلَيْهَا حَاجَةً) ‘‘আল্লাহ তা‘আলা সে জায়গায় তার যাওয়ার জন্য কোন প্রয়োজন তৈরি করে দেন।’’ অর্থাৎ- আল্লাহ তা‘আলা যেখানে যার মৃত্যু ঘটাবেন সে যদি ঐ এলাকার বাসিন্দা না হন তাহলে আল্লাহ

তা‘আলা তাকে ঐ জায়গায় নেয়ার জন্য তার কোন প্রয়োজন তৈরি করেন। সে ঐ প্রয়োজন পূরণ করার জন্য সেখানে যান। অতঃপর আল্লাহ তা‘আলা সেখানেই তার মৃত্যু ঘটান। এতে কুরআনে বর্ণিত এ কথার প্রতি ইঙ্গিত রয়েছে- وَمَا تَدْرِىْ نَفْسٌ بِأَيِّ اَرْضٍ تَمُوْتُ ‘‘কোন আত্মাই জানে না সে কোথায় মৃত্যুবরণ করবে’’- (সূরাহ্ লুক্বমান ৩১ঃ ৩৪)। উক্ত হাদীসে দলীল পাওয়া যায় তাক্বদীরের।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মাত্বার ইবনু ‘উকামিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54669

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন